মেহেরপুর সীমান্ত থেকে ২৮ হাজার ইউএস ডলার উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা সীমান্ত এলাকা থেকে ২৮ হাজার ইউএস ডলার উদ্ধার করেছে বিজিবি।

আজ সোমবার সকাল ১১ টার দিকে বুড়িপোতা বিওপি কমান্ডার সুবেদার মো: তৌহিদুজ্জামানের নেতৃত্বে বিজিবির টহল দল এ অভিযান পরিচালনা করে।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের (৬ বিজিবি) অধিনায়ক লে: কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তি থেকে জানা গেছে, সীমান্ত দিয়ে ইউএস ডলাল ভারতে পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযানিক দলটি সীমান্ত পিলার ১১৬/৫-এস হতে ১৫০০ মিটার বাংলাদেশের অভ্যন্তরে গুচ্ছগ্রামের মোড়ের পাশে অবস্থান নেয়। এসময় একজন ব্যক্তিকে দাড়িয়ে থাকতে দেখলে বিজিবি টহল দলের সন্দেহ হয়। সন্দেভাজন ব্যক্তিকে জিজ্ঞাসাবাদের জন্য টহল দল তার নিকটে যেতেই সে হাতা থাকা একটি ব্যাগ ফেলে দৌড়ে পালিয়ে যায়। বিজিবির টহল দল ফেলে যাওয়া ব্যাগটি জব্দ করে। ওই ব্যাগটি তল্লাশী করে ব্যাগের ভিতর স্কচটেপ দ্বারা মোড়ানো দুটি বান্ডিলে ২৮হাজার ইউএস ডলার, ১টি পুরাতন লোহার বটি এবং ২টি পুরাতন কাচি উদ্ধার করা হয়।

এ ঘটনায় মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করে উদ্ধারকৃত ইউএস ডলারগুলি মেহেরপুর ট্রেজারী অফিসে জমা করা হয়েছে।